

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
আরবান প্ল্যানিং
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০০৬.১৭.১০৮

তারিখ: ২৪ কার্তিক ১৪২৯

০৯ নভেম্বর ২০২২

বিষয়: “বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক” রাজশাহী প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি অনুসারে প্রকল্প সংলগ্ন স্থানে পকেট আকারের ১.৩৮৩১ একর ব্যক্তি মালিকানাধীন জমি অধিগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, “বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক” রাজশাহী প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি অনুসারে প্রকল্প সংলগ্ন স্থানে পকেট আকারের ১.৩৮৩১ একর ব্যক্তি মালিকানাধীন জমি অধিগ্রহণের অনাপত্তিপত্রের জন্য আবেদন করেছেন।

প্রস্তাবিত ভূমির তফসিল নিম্নরূপঃ

জেলাঃ রাজশাহী, উপজেলাঃ পবা, মৌজাঃ নবীনগর, জেএল নং-৫০

ক্রমিক নং	খতিয়ান নং (আরএস)	দাগ নং (আরএস)	রেকর্ডীয় শ্রেণি	দাগে মোট পরিমাণ (একর)	অধিগ্রহণের লক্ষ্যে পরিমাণ (একর)
০১	২৪৬	৪০৭	ধানী	০.৯৬৪৪	০.৪৬৪৪
০২	৪৬২	৪১৩	ভিটা	০.৮৭৭৫	০.১২০০
০৩	৪৬২	৪১৫	ধানী	০.২১৫০	০.০৭৩১
০৪	১৭৪	৪১৬	ভিটা	০.৩৭৬৯	০.৩৭৬৯
০৫	১৭৪	৪১৭	পুকুর	০.২৪৮৭	০.২৪৮৭
০৬	৩৬৫	৪১৯	ধানী	০.০৭০০	০.০১৭৪
০৭	৩৬৫	৪২০	ধানী	০.১৯২০	০.০৮২৬
মোট=					১.৩৮৩১

সরজমিনে পরিদর্শন প্রতিবেদনে দেখা যায় যে, প্রস্তাবিত সাইটের অভ্যন্তরের (দাগ নং-৪১৬ এবং ৪১৭ এর অংশ বিশেষ) একটি ডোবা বিদ্যমান। সাইটের বাকী স্থান উন্মুক্ত। প্রস্তাবিত সাইটের চোহদ্দির উত্তরে সাইট ঘেষে একটি পুকুর এবং কাশিয়াডাংগা হতে কোর্ট সড়ক বিদ্যমান। দক্ষিণে বঙ্গবন্ধু হাই-টেক পার্কের অংশ বিশেষ এবং পদ্মা নদী বিদ্যমান। পূর্বে কোর্ট হতে বুলনপুর সড়ক এবং পশ্চিমে বঙ্গবন্ধু হাই-টেক পার্কের অংশ বিশেষ বিদ্যমান। Rajshahi Metropolitan Development Plan RMDP (2004-2024) তে, প্রস্তাবিত ভূমির বিদ্যমান ভূমি ব্যবহার হিসেবে Vacant Land এবং Water Body ও প্রস্তাবিত ভূমি ব্যবহার হিসেবে Business and Mercantile হিসেবে উল্লেখ রয়েছে। তাছাড়া, প্রত্যাশী সংস্থার পূর্বের প্রশাসনিক অনুমোদনের কপি ৪০৫, ৪০৬ এবং ৪১৮ নং দাগ সুচীতে অন্তর্ভুক্ত ছিল যা স্মারক নংঃ ৫৬.০০.০০০০.০৫৬.৩২.০৩১. ১৭.১৭৫ তারিখঃ ১০ অক্টোবর, ২০২২ তারিখের প্রশাসনিক অনুমোদনের কপি থেকে দাগ (৪০৫, ৪০৬, ৪১৮) বাদ দেয়া হয়েছে।

এমতাবস্থায়, ১০ অক্টোবর, ২০২২ তারিখের প্রশাসনিক অনুমোদনের প্রেক্ষিতে “বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক” রাজশাহী প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি অনুসারে প্রকল্প সংলগ্ন স্থানে পকেট আকারের ১.৩৮৩১ একর ব্যক্তি মালিকানাধীন জমি অধিগ্রহণের জন্য প্রস্তাবিত দাগে সরজমিনে পরিদর্শন প্রতিবেদন এবং Rajshahi

Metropolitan Development Plan RMDP (2004-2024) এবং রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অনাপত্তিপত্র বিবেচনা করে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে মোট ১.৩৮৩১ একর ভূমি অধিগ্রহণের জন্য নির্দেশক্রমে নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান করা হলো।


শর্তাবলী

- (১) প্রত্যাশী সংস্থাকে ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য সকল আইন/ বিধিমালা/ নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং
- (২) RMDP (2004-2024) এর “বিদ্যমান ভূমি ব্যবহার” তথ্যানুসারে সংশ্লিষ্ট সাইটের অন্তর্গত (দাগ নং-৪১৬ এবং ৪১৭ এর অংশ বিশেষ) “জলাধার (Water Body)” সংরক্ষণ করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি “বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক” রাজশাহী প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি অনুসারে প্রকল্প সংলগ্ন স্থানে পকেট আকারের ১.৩৮৩১ একর ব্যক্তি মালিকানাধীন জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতিত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

সংযুক্তি:

০১. পরিদর্শন প্রতিবেদন
০২. প্রস্তাবিত ভূমির সাইট প্ল্যান
০৩. RMDP অনুযায়ী প্রকল্প এলাকার বিদ্যমান ভূমি ব্যবহার ম্যাপ
০৪. RMDP অনুযায়ী প্রকল্প এলাকার প্রস্তাবিত ভূমি ব্যবহার ম্যাপ
০৫. প্রস্তাবিত এলাকার Google Map
০৬. রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অনাপত্তিপত্র
০৭. পূর্বের প্রশাসনিক অনুমোদনের কপি
০৮. প্রশাসনিক অনুমোদনের কপি
০৯. প্রস্তাবিত ভূমির দাগ সূচী
১০. মামলা সংক্রান্ত প্রত্যয়ন



১৬-১১-২০২২

মো: মাহমুদ হোসেন

সিনিয়র প্ল্যানার

ফোন: ৯৫১৫৫২৮

ইমেইল:

mahamud_planner@yahoo.com

এ কে এম ফজলুল হক, প্রকল্প পরিচালক (উপ-সচিব)

‘বঙ্গবন্ধু শেখ মুজিব রাজশাহী হাই-টেক পার্ক স্থাপন

প্রকল্প, রাজশাহী

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০০৬.১৭.১০৮/১(৫)

তারিখ: ২৪ কার্তিক ১৪২৯


০৯ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (চলতি দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর

২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর

- ৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
৪) প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
৫) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)



১৬-১১-২০২২

মোহসিনাত নাসরিন

প্ল্যানার